"শিখবে শিশু হেসে খেলে, শাস্তিমুক্ত পরিবেশ পেলে"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং-৩৮.০১.০০০০.১৪৫.২৮.০৬১.১৯- ২৮৬

তারিখ: ০৫ কার্তিক ১৪২৬
২১ অক্টোবর ২০১৯

বিষয়: 'বিজয় ফুল' তৈরী, গল্প ও কবিতা রচনা, কবিতা আবৃত্তি, চিত্রাঙ্কন, একক অভিনয়, চলচ্চিত্র নির্মাণ এবং দলগত দেশাত্মবোধক ও জাতীয় সংগীত প্রতিযোগিতা ২০১৯ সংক্রান্ত সার্বিক সমন্বয় কমিটির ১ম সভার সিদ্ধান্তসমূহ অবহিতকরণ এবং এতদবিষয়ে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগ, মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা-এর স্মারক নং-৪৮৪, তারিখ: ১০অক্টোবর ২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'বিজয় ফুল' তৈরী, গল্প ও কবিতা রচনা, কবিতা আবৃত্তি, চিত্রাঙ্কন, একক অভিনয়, চলচ্চিত্র নির্মাণ এবং দলগত দেশাত্মবোধক ও জাতীয় সংগীত প্রতিযোগিতা ২০১৯ সংক্রান্ত সার্বিক সমন্বয় কমিটির ১ম সভার সিদ্ধান্তসমূহ অবহিতকরণ নিম্নবর্ণিত তারিখসমূহে অনুষ্ঠিত হবে:-

| শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে | উপজেলা/মহানগর পর্যায়ে | জেলা পর্যায়ে | বিভাগীয় পর্যায়ে | জাতীয় পর্যায়ে |
|---|---|---|---|---|
| ২৮অক্টোবর/২০১৯ | ৩১ অক্টোবর/২০১৯ | ০২ নভেম্বর/২০১৯ | ০৯ নভেম্বর/২০১৯ | ১৩ ডিসেম্বর/২০১৯ |

বর্ণিতাবস্থায় এতদবিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণসহ 'বিজয় ফুল'-এর থিম সং দিয়ে তৈরি টিভিসি এবং বিজয় ফুল তৈরির প্রক্রিয়া/কৌশল সংক্রান্ত টিভিসি/ভিডিও ক্লিপ মাল্টিমিডিয়া ক্লাসের মাধ্যমে দেশের সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রচারের ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: সমন্বয় কমিটির ১ম সভার কার্যপত্র।

২০/১০/১৯

(খান মো: নুরুল আমিন)
যুগ্মসচিব
পরিচালক (পলিসি ও অপারেশন)
ই-মেইল:
dirpolicydpe@gmail.com
ফোন: ০২-৫৫০৭৪৯১৮

১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা,
চট্টগ্রাম/বরিশাল/খুলনা/সিলেট/ঢাকা/রংপুর ও রাজশাহী বিভাগ।
২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার--------------------------(সকল)
৩। উপজেলা শিক্ষা অফিসার-------------------------------(সকল)

দ্বাদশ শ্রেণি পর্যন্ত দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে 'বিজয় ফুল' তৈরি, গল্প ও কবিতা রচনা, কবিতা আবৃত্তি, চিত্রাঙ্কন, একক অভিনয়, চলচ্চিত্র নির্মাণ এবং দলগত দেশাত্মবোধক ও জাতীয় সংগীত প্রতিযোগিতা, ২০১৯ সংক্রান্ত সার্বিক সমন্বয় কমিটি'র ১ম সভার কার্যপত্র

**তারিখ: ১৬.১০.২০১৯**

| ক্রম: | বিষয় | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ০১. | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে স্ব স্ব দপ্তরকে এ কর্মসূচির সফল বাস্তবায়নের জন্য যথাযথ নির্দেশনা প্রদান করতে হবে। | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ |
| ০২. | তথ্য মন্ত্রণালয় কর্তৃক 'বিজয় ফুল' তৈরি ও অন্যান্য প্রতিযোগিতার কর্মসূচি ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তথ্য মন্ত্রণালয় |
| ০৩. | সুষ্ঠুভাবে প্রতিযোগিতা সম্পন্ন করার জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক অধীনস্ত স্বীকৃতিপ্রাপ্ত প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে ২০০০/- (দুই হাজার) টাকা করে উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে দ্রুত বরাদ্দ প্রদান করতে হবে। পরবর্তীতে অর্থ বিভাগ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের চাহিদা মোতাবেক ব্যয়িত অর্থ প্রদান করবে। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ |
| ০৪. | উপজেলা, জেলা, মহানগর ও বিভাগীয় পর্যায়ে অনুষ্ঠিত প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য যথাক্রমে উপজেলা নির্বাহী অফিসার, জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার-এর অনুকূলে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা করে দ্রুত বরাদ্দ প্রদান করতে হবে। | মন্ত্রিপরিষদ বিভাগ/অর্থ বিভাগ |
| ০৫. | সংশ্লিষ্ট জেলা প্রশাসকের অনুকূলে মহানগরে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের অনুকূলে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা অর্থ বরাদ্দ প্রদান করতে হবে। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ |
| ০৬. | প্রবাসে বাংলাদেশীদের জন্য পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে প্রতিযোগিতার আয়োজন করতে হবে। এ বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ যথাযথ উদ্যোগ গ্রহণ করবে। | পররাষ্ট্র মন্ত্রণালয়/প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ |
| ০৭. | জাতীয় পর্যায়ের কর্মসূচি বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট কমিটির চাহিদা অনুযায়ী অর্থ বিভাগ প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদান করতে হবে। | জাতীয় পর্যায়ের কমিটি/ অর্থ বিভাগ |

| ক্রম: | বিষয় | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ০৮. | এটুআই 'ফুলবন্ধু' ডিজিটাল প্লাটফর্মে কুইজ প্রতিযোগিতার আয়োজন করবে। শিক্ষার্থীগণ এ প্লাটফর্মে যোগ দিয়ে ভার্চুয়াল 'বিজয় ফুল' এবং 'ফুলবন্ধু' গ্রুপ তৈরি করবে। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ/এটুআই কর্তৃপক্ষ |
| ০৯ | এটুআই কর্তৃক বিজয় ফুল উৎসব/বিজয় ফুল প্রতিযোগিতা উপলক্ষ্যে তৈরি করা থিম সং ব্যবহার করে ৩০-৪০ সেকেন্ড ব্যাপ্তির একটি অডিও ভিজুয়াল/অডিও কনটেন্ট তৈরি করবে। প্রস্তুতকৃত অডিও ভিজুয়াল/অডিও কনটেন্ট এটুআই কর্তৃক মাঠ পর্যায়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ, সোশ্যাল মিডিয়ায় আপলোড এবং মন্ত্রিপরিষদ বিভাগসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের ওয়েবসাইটে আপলোডের জন্য কপি সরবরাহ করবে। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ/এটুআই কর্তৃপক্ষ |
| ১০ | তথ্য মন্ত্রণালয় প্রস্তুতকৃত অডিও-ভিজুয়াল/অডিও কনটেন্ট সরকারি এবং বেসরকারি সকল টেলিভিশন ও রেডিও চ্যানেলে প্রচারের ব্যবস্থা করবে। | তথ্য মন্ত্রণালয় |
| ১১. | বাংলাদেশ টেলিভিশন শিল্পকলা একাডেমি'র সহায়তায় বিজয় ফুল নির্মাণ প্রক্রিয়া/কৌশল সম্পর্কিত ভিডিও ক্লিপ তৈরি করবে। তথ্য মন্ত্রণালয় বিটিভিসহ অন্যান্য চ্যানেলে উক্ত ভিডিও ক্লিপ প্রচারের ব্যবস্থা গ্রহণ এবং বিভিন্ন সোশ্যাল মিডিয়ায় আপলোড করবে। | তথ্য মন্ত্রণালয়/বাংলাদেশ টেলিভিশন/ শিল্পকলা একাডেমি |
| ১২. | 'বিজয় ফুল'-এর থিম সং দিয়ে তৈরি টিভিসি এবং বিজয় ফুল তৈরির প্রক্রিয়া/কৌশল সংক্রান্ত টিভিসি/ভিডিও ক্লিপ টেলিভিশন ছাড়াও মাল্টিমিডিয়া ক্লাস-এর মাধ্যমে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রচার করতে হবে। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ |
| ১৩. | জাতীয় ফুল শাপলাকে বিজয়ফুলের প্রতীক বিবেচনা করে বিজয়ফুল তৈরি করতে হবে। বিজয় ফুলে ছয়টি পাপড়ি থাকবে যা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ছয় দফাকে স্মরণ করাবে। বিজয় ফুলের মাঝে একটি কলি থাকবে যা পাপড়ির সঙ্গে যুক্ত হয়ে (৬+১=৭) তাঁর সাত মার্চের ভাষণকেও স্মরণ করাবে। | বাংলাদেশ টেলিভিশন/শিল্পকলা একাডেমি |
| ১৪. | প্রতিযোগিতার তারিখ নির্ধারণ<br>শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে ২৮ অক্টোবর, উপজেলা/মহানগর পর্যায়ে ৩১ অক্টোবর, জেলা পর্যায়ে ০২ নভেম্বর, বিভাগীয় পর্যায়ে ০৯ নভেম্বর ২০১৯-এর মধ্যে প্রতিযোগিতার আয়োজন করতে হবে।<br>জাতীয় পর্যায়ে প্রতিযোগিতা ১৩ ডিসেম্বর ২০১৯ তারিখ সম্পন্ন করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ১৫. | বিবিধ | - |